# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
## BANGLADESH WATER DEVELOPMENT BOARD

শৃঙ্খলা পরিদপ্তর
পানি ভবন (লেভেল-৭)
৭২, গ্রীন রোড, ঢাকা-১২০৫
ফোন ঃ ০২২২২২৩০০৭৬
dir.discipline.bwdb@gmail.com
ওয়েব সাইট: www.bwdb.gov.bd

Directorate of Discipline
Pani Bhaban (Level-7)
72, Green Road, Dhaka-1205
Phone : 02222230076
dir.discipline.bwdb@gmail.com
Website: www.bwdb.gov.bd


স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৬১০.২৩-০৪

তারিখঃ ২১/০৯/১৪৩১ বঙ্গাঃ
০৫/০১/২০২৫ খ্রিঃ

## দপ্তরাদেশ

জনাব মোঃ আমিনুর ইসলাম আমিন (আইডি নং-৮৩১২২৫০০১), সহকারী রাজস্ব কর্মকর্তা, লালমনিরহাট পওর বিভাগ, বাপাউবো, লালমনিরহাট এর বিরুদ্ধে বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি, শৃঙ্খলা বিরোধী কার্যকলাপ, মিথ্যা কথা বলা, দাপ্তরিক গোপনীয় ও গুরুত্বপূর্ণ নথিপত্র পাচার করে অনৈতিক সুবিধা গ্রহন, অসদাচরণ, দায়িত্ব পালনে অবহেলা ও উর্ধ্বতন কর্মকর্তা নির্দেশ পালনে অবজ্ঞা এবং তার বিরুদ্ধে চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, লালমনিরহাট কর্তৃক এনআই অ্যাক্ট ১৮৮১ এর ১৩৮ ধারায় সমন জারির বিষয়টি উর্ধ্বতন কর্তৃপক্ষকে না করায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারি) চাকুরি প্রবিধানমালা ২০১৩ প্রবিধান ৪৮(ক),(খ),(গ), (চ) অনুযায়ী দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, প্রতারণা ও পলায়নের অভিযোগে কার্যধারা সূচনা পূর্বক অভিযোগনামা প্রেরণ করা হয়। অভিযোগনামাটি রেজিস্টার ডাকযোগে তার কর্মস্থলে প্রেরন করা হলে "তিনি কর্মস্থলে দীর্ঘদিন যাবত অনুপস্থিত আছেন"- এরূপ মন্তব্যসহ অত্র দপ্তরে ফেরত আসে। এমনকি অভিযোগনামাটি রেজিস্টার ডাকযোগে তার স্থায়ী ঠিকানায় পাঠানো হলেও সেখান থেকেও ফেরত আসে। অভিযোগনামায় আনীত তার বিরুদ্ধে অভিযোগের জবাব দাখিল করেন নি এবং সময় বৃদ্ধির আবেদনও করেন নি। তৎপ্রেক্ষিতে কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী তার বিরুদ্ধে অভিযোগনামায় আনীত অভিযোগসমূহ তদন্ত করার জন্য একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা বিষয়টি তদন্ত করতঃ তদন্ত প্রতিবেদন দাখিল করেন।

৩। তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষঙ্গিক রেকর্ডপত্র যথাযথ পর্যালোচনান্তে জনাব মোঃ আমিনুর ইসলাম আমিন (আইডি নং-৮৩১২২৫০০১), সহকারী রাজস্ব কর্মকর্তা, লালমনিরহাট পওর বিভাগ, বাপাউবো, লালমনিরহাট এর বিরুদ্ধে গত ২৬/০৯/২০২২ খ্রিঃ তারিখ হতে অদ্যাবধি ১৮ (আঠারো) মাসের অধিক সময়ে একটানা উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত দপ্তরে অনুপস্থিতি তথা পলায়ন, শৃঙ্খলা বিরোধী কার্যকলাপ, মিথ্যা কথা বলা অসদাচরণ, দায়িত্ব পালনে অবহেলা ও উর্ধ্বতন কর্মকর্তার নির্দেশ পালনে অবজ্ঞা, চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, লালমনিরহাট কর্তৃক এনআই অ্যাক্ট ১৮৮১ এর ১৩৮ ধারায় সমন জারির বিষয়টি উর্ধ্বতন কর্তৃপক্ষকে না করা প্রভৃতি অভিযোগ তদন্তে প্রতিষ্ঠিত হয়েছে। তার এরূপ কর্মকান্ড বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৮(ক) দায়িত্ব পালনে অবহেলা, ৪৮(খ) অসদাচরণ, ৪৮(গ) পলায়ন এবং ৪৮(চ) প্রতারণার সামিল এবং উক্ত প্রবিধান ৪৯(১)(খ)(উ) অনুযায়ী তার অননুমোদিত অনুপস্থিতির তারিখ অর্থাৎ ২৬/০৯/২০২২ খ্রিঃ তারিখ হতে তার ওপর বাপাউবো'র চাকরি হতে 'বরখাস্ত' (Dismissal from Service) দন্ড চূড়ান্তভাবে আরোপের বিষয়ে কর্তৃপক্ষ কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়।

৪। পরবর্তীতে বর্ণিত কর্মচারীর উপর বাপাউবো বোর্ডের চাকুরী হতে 'বরখাস্ত' (dismissal from service) দন্ড চূড়ান্তভাবে কেন আরোপ করা হবে না, এ বিষয়ে কারণ দর্শানোর নোটিশ প্রেরণ করা হয়। উক্ত কারণ দর্শানোর নোটিশ এর সাথে তদন্ত প্রতিবেদনের চিত্রলিপি রেজিঃ ডাকযোগে (প্রাপ্তি স্বীকারসহ) তার অফিসের ঠিকানা ও স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হয়। এছাড়াও কারণ দর্শানোর নোটিশটি ২টি জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশ করা হয় এবং বোর্ডের ওয়েব সাইটেও প্রকাশ করা হয়।

৫। তদপ্রেক্ষিতে তিনি কারণ দর্শানোর নোটিশের জবাব প্রদান করেন। কারণ দর্শানোর জবাবে শারীরিক অসুস্থতার কারণে তিনি দীর্ঘদিন অফিসে অনুপস্থিত থাকার বিষয়টি উল্লেখ করলেও তিনি তার অসুস্থতার স্বপক্ষে কোন চিকিৎসা সনদ-পত্র অথবা হাসপাতালে ভর্তির প্রমানকসহ অপারেশন বা ডায়াগনস্টিক সংক্রান্ত রেকর্ডপত্রাদি দাখিল করেন নি। ফলে তার শারীরিক অসুস্থতার স্বপক্ষে চিকিৎসা সনদ-পত্র সহ অন্যান্য রেকর্ডপত্রাদির মূল কপি ৭ (সাত) দিনের মধ্যে অত্র দপ্তরে প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হয়। একইসাথে নির্ধারিত সময়ের মধ্যে জবাব পাওয়া না গেলে বিভাগীয় কার্যধারায় একতরফা সিদ্ধান্ত গৃহীত হওয়ার বিষয়টিও উল্লেখপূর্বক রেজিঃ ডাকযোগে (প্রাপ্তি স্বীকারসহ) তার অফিসের ঠিকানা ও স্থায়ী ঠিকানায় পত্র প্রেরণ করা হয়। তার স্থায়ী ঠিকানায় পত্রটি ফেরৎ না এলেও দাপ্তরিক ঠিকানায় পত্রটি "প্রাপক উক্ত প্রতিষ্ঠানে কর্মরত না থাকাতে বিলি করা গেল না" মর্মে মন্তব্য সহ পত্র ফেরৎ আসে।

অঃ পঃ দ্রঃ

৬। জনাব মোঃ আমিনুর ইসলাম আমিন, সহকারী রাজস্ব কর্মকর্তা, লালমনিরহাট পওর বিভাগ, বাপাউবো, লালমনিরহাট এর বিরুদ্ধে আনীত অভিযোগে তার উপর চাকরি হতে "বরখাস্ত" (Dismissal from Service) দন্ড আরোপের নিমিত্ত কারণ দর্শানোর নোটিশ এর জবাব সন্তোষজনক হিসাবে বিবেচিত হয়নি। এছাড়া তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষঙ্গিক রেকর্ডপত্র পর্যালোচনায় অভিযোগনামায় আনীত অভিযোগ অর্থাৎ গত ২৬/০৯/২০২২ খ্রিঃ তারিখ হতে অদ্যাবধি ১৮ (আঠারো) মাসের অধিক সময়ে একটানা উর্দ্ধতন কর্তৃপক্ষের অনুমতি ব্যতিত দপ্তরে অনুপস্থিতি, পলায়ন, শৃঙ্খলা বিরোধী কার্যকলাপ, অসদাচরণ, দায়িত্ব পালনে অবহেলা ও উর্দ্ধতন কর্মকর্তার নির্দেশ পালনে অবজ্ঞা প্রভৃতি অভিযোগ তদন্তে প্রতিষ্ঠিত হয়েছে যা বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৮(ক) দায়িত্ব পালনে অবহেলা, ৪৮(খ) অসদাচরণ, ৪৮(চ) প্রতারণা এবং ৪৮(গ), অনুযায়ী পলায়নের সামিল হওয়ায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা ২০১৩ এর প্রবিধান ৪৯(১)(খ)(উ) মোতাবেক তার অননুমোদিত অনুপস্থিতির তারিখ অর্থাৎ ২৬/০৯/২০২২খ্রিঃ তারিখ হতে তার উপর বাপাউবোর চাকরি হতে 'বরখাস্ত' (Dismissal from Service) দন্ড চূড়ান্তভাবে আরোপ করার বিষয়ে কর্তৃপক্ষ কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়।

৭। উক্ত সিদ্ধান্ত মোতাবেক এতদ্বারা জনাব মো: আমিনুর ইসলাম আমিন (আইডি নং-৮৩১২২৫০০১), সহকারী রাজস্ব কর্মকর্তা, লালমনিরহাট পওর বিভাগ, বাপাউবো, লালমনিরহাট এর উপর বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা ২০১৩ এর প্রবিধান ৪৯(১)(খ)(উ) মোতাবেক তার অননুমোদিত অনুপস্থিতির তারিখ অর্থাৎ ২৬/০৯/২০২২ খ্রিঃ তারিখ হতে বাপাউবোর চাকরি হতে 'বরখাস্ত' (dismissal from service) দন্ড চূড়ান্তভাবে আরোপ করা হলো।

৮। এতে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদন রয়েছে।

(শেখ মাসুদুল হক) ০৫/০১/২০২৫
পরিচালক
পরিচিতি নম্বর-৬৬০৬০১০০৬

স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৬১০.২৩-০৪

তারিখঃ ২১/০৯/১৪৩১ বঙ্গাঃ
০৫/০১/২০২৫ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১. প্রধান প্রকৌশলী, উত্তরাঞ্চল, বাপাউবো, রংপুর।
২. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রংপুর পানি উন্নয়ন সার্কেল-১, বাপাউবো, রংপুর।
৩. পরিচালক, কর্মচারী পরিদপ্তর/হিসাবরক্ষণ পরিদপ্তর/মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৪. সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। দপ্তরাদেশটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৫. সি এস ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৬. নির্বাহী প্রকৌশলী, লালমনিরহাট পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, লালমনিরহাট।
৭. উপ-পরিচালক (অহিনি), আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, রংপুর।
৮. ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/পশ্চিম রিজিয়ন/অর্থ/পরিকল্পনা), বাপাউবো, ঢাকা।
৯. জনাব মো: আমিনুর ইসলাম আমিন, সহকারী রাজস্ব কর্মকর্তা, লালমনিরহাট পওর বিভাগ, বাপাউবো, লালমনিরহাট/ প্রযত্নে- পিতাঃ মোঃ আব্দুল জলিল, গ্রামঃ বল্লভপুর,,ডাকঘরঃ নাগেশ্বরী (৫৬৬০), থানাঃ নাগেশ্বরী, জেলাঃ কুড়িগ্রাম।

০৫/০১/২০২৫
(মোঃ শামীম হোসেন)
উপ-পরিচালক (চঃদাঃ)
পরিচিতি নং-৬৯১২১১০০১

ডায়েরী নং ৪৭
সিস্টেম এনালিস্ট
প্রোগ্রামার ১/২
সহকারী প্রোগ্রামার ১/২/৩/৪
নেটওয়ার্ক প্রকৌশলী
হিসাব করণিক
অফিস সহঃ কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক

তারিখঃ ২২/১/২৫
জরুরী/অতি জরুরী
প্রয়োজনীয় ব্যবস্থা নিন
নথিতে পেশ করুন
আলোচনা করুন
নথিতে রাখুন

২২/০১/২০২৫
সিনিয়র সিস্টেম এনালিস্ট
কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

E:\Ripon\O. O. for dismissal\Lalmonirhat.doc6